

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম

বিষয়-বাংলা

নির্দিষ্ট বিষয়- শব্দ গঠন

নির্বাচিত অক্ষর- আ (তিন অক্ষরের)

নমুনা প্রশ্নাবলি:-

- ক) দোল উৎসবে রং খেলার সময় আমরা জলে গোলা রং ছাড়া আর কী ব্যবহার করি ?
- খ) 'আ' দিয়ে শুরু তিন অক্ষরের একটি টক ফলের নাম বলো যা দিয়ে আচার, চাটনি তৈরি হয় ?
- গ) বর্ষাকালে চারিদিকে গাছপালার সঙ্গে কী গজিয়ে উঠতে দেখা যায় ?
- ঘ) লিখতে গেলে হাতের কোন অংশকে কাজে লাগাতে হয় ?

নির্বাচিত শব্দ:-

আ= আবির , আমড়া , আগাছা , আঙুল।

** (শিশুদের সরাসরি শব্দ গঠন বলে না দিয়ে এইভাবে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে শিশুদের দিয়েই শব্দ বলিয়ে নিতে হবে।)

বাক্য রচনা:- (নমুনা)

আবির = বিভিন্ন ফুলের পাপড়ি দিয়ে রঙ-বেরঙের আবির তৈরি হয় যা দিয়ে দোল খেলা হয়।

আমড়া =টক ফল আমড়া দিয়ে চাটনি, আচার তৈরি হয়।

আগাছা =বর্ষাকালে চারিদিকে গাছ পালার সঙ্গে আগাছা গজিয়ে উঠতে দেখা যায়।

আঙুল- হাতের আঙুল লেখার কাজে ব্যবহার করা হয়।

নির্বাচিত অক্ষর-'প' (তিন অক্ষরের)

নমুনা প্রশ্নাবলি:-

- ক) স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবসে আমরা কী উত্তোলন করি?
- খ) সবুজ, লম্বাটে, দানাওয়ালা সবজি যার প্রথম অক্ষর 'প' দিয়ে শুরু তার নাম কী?
- গ) উলকে বাংলায় কী বলে জানো যা শীতের দেশে বিখ্যাত?
- ঘ) ছাত্রছাত্রীরা মা সরস্বতীকে কোন লাল রঙের গন্ধহীন ফুল দিয়ে অঞ্জলি দেয়?

নির্বাচিত শব্দ:-

প- পতাকা, পটল, পশম, পলাশ

** (শিশুদের সরাসরি শব্দ গঠন বলে না দিয়ে এইভাবে ছোটো ছোটো প্রশ্নের মাধ্যমে শিশুদের দিয়েই শব্দ বলিয়ে নিতে হবে।)

পতাকা- স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবসে পতাকা উত্তোলন করা হয়।

পটল- সবুজ সবজি হিসেবে পটলে প্রচুর ভিটামিন আছে।

পশম- শীতকালের গরম জামাকাপড় পশম দিয়ে তৈরি হয়।

পলাশ- ছাত্রছাত্রীরা পলাশ ফুল দিয়ে মা সরস্বতীর পায়ে অঞ্জলি দেয়।

বাড়ির কাজ

বাড়িতে বা, কু, ম এছাড়া আগে যা হয়েছে সেই অক্ষর দিয়ে শব্দ গঠন
অভ্যাস করবে।

বিঃদ্রঃ > ছাত্রছাত্রীদের যদি পাঠ বুঝতে সমস্যা হয়, তবে নিজের

বক্তব্য comment box এ পাঠিও।

- নিজের নাম,শ্রেণি,বিভাগ,ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেব।

SRRAI